



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-০৮-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৮-০৮-২০২১ তারিখ হতে ১০-০৯-২০২১ তারিখ পর্যন্ত 'শ্রী ন্যাশন কাপ' আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতা ২০২১ এর খেলাসমূহ কিরগিজ রিপাবলিকে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় ফুটবল দলসহ কিরগিজ ও ফিলিস্তিন জাতীয় ফুটবল দল অংশগ্রহণ করবে। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের পক্ষে বসুন্ধরা কিংস এর ফুটবল খেলোয়াড় মাসুক মিয়া জনি মালদ্বীপে অনুষ্ঠিত 'এএফসি কাপ ২০২১' এ ভারতের এ টি কে মোহনবাগান ফুটবল ক্লাবের সাথে খেলায় ইনজুরি হওয়ায় তার পরিবর্তে উত্তর বারিধারা ক্লাবের ফুটবল খেলোয়াড় সুমন রেজা বাংলাদেশ জাতীয় ফুটবল দলে অন্তর্ভুক্ত হয়েছে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দল 'শ্রী ন্যাশন কাপ' এ অংশগ্রহণের লক্ষ্যে অদ্য ২৭-০৮-২০২১ তারিখ দিবাগত রাত ১.৪০ ঘটিকায় কিরগিজ রিপাবলিকের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে এবং আগামীকাল ২৮-০৮-২০২১ তারিখ বাংলাদেশ সময় দুপুর ১.৪০ ঘটিকায় কিরগিজ রিপাবলিকে পৌঁছবে।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।